

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৪২৫

১/ বিবিধ

আরবী

إذا دخل قوم منزل رجل كان رب المنزل أمير القوم حتى يخرجوا من منزله طاعته
عليهم واجبة
موضوع

رواه أبو نعيم في " أخبار أصبهان " (1/245) والديلمي (1/1/114) عن سهل بن
عثمان: حدثنا المعلى: حدثنا ليث عن مجاهد عن أبي هريرة مرفوعا
قلت: وهذا إسناد موضوع، آفته المعلى وهو ابن هلال الطحان الكوفي، وهو
كذاب وضاع، اتفق النقاد على ذلك كما سبق ذكره عند الحديث (341)
وليث هو ابن أبي سليم، وهو ضعيف. وقد ساق الذهبي في ترجمة الأول عن هذا
حديثا آخر عن ابن عباس قال
" التوكؤ على العصا من أخلاق الأنبياء، وكان لرسول الله صلى الله عليه وسلم
عصا يتوكؤ عليها ويأمر بالتوكؤ عليها
وقد مضى برقم (916)

বাংলা

১৪২৫। যখন কেন সম্প্রদায় কোন ব্যক্তির গৃহে প্রবেশ করে তখন বাড়ির মালিক তাদের নেতা হয়ে যায় যে পর্যন্ত
তারা তার বাড়ি থেকে বেরিয়ে না যায় এবং তাদের উপর তার আনুগত্য করা ওয়াজিব হয়ে যায়।

হাদীসটি বানোয়াট।

হাদীসটিকে আবু নুয়াইম “আখবারু আসবাহান” গ্রন্থে (১/২৪৫) ও দায়লামী (১/১/১১৪) সাহল ইবনু উসমান হতে, তিনি আলমুয়াল্লা হতে, তিনি লাইস হতে, তিনি মুজাহিদ হতে, তিনি আবু হুরাইরাহ (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি বানোয়াট। এর সমস্যা হচ্ছে আলমুয়াল্লা তিনি হচ্ছেন ইবনু হিলাল ত্বহহান আলকুফী। তিনি মিথ্যুক, জালকারী। বর্ণনাকারীদের সম্পর্কে সমালোচকগণ তার এ অবস্থার ব্যাপারে একমত যেমনটি তার সম্পর্কে (৩৪১) নম্বর হাদীসের মধ্যে উল্লেখ করা হয়েছে।

আর লাইস হচ্ছেন ইবনু আবী সুলাইম, তিনি দুর্বল। হাফিয যাহাবী প্রথমজনের জীবনীতে এ দ্বিতীয়জন হতে অন্য একটি হাদীস আব্দুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)-এর উদ্ধৃতিতে বর্ণনা করেছেন, তিনি বলেনঃ “লাঠির উপর ঠেস লাগানো নবীগণের আখলাকের অন্তর্ভুক্ত। রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর একটি লাঠি ছিল তিনি সে লাঠির উপর ঠেস লাগাতেন এবং তার উপরে ঠেস লাগাতে নির্দেশ দিতেন। [এ হাদীসটি ৯১৬ নম্বরে আলোচিত হয়েছে]।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72304>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন